# Times Today BD

জিএম সিরাজ | রংপুর | 06 April, 2025

কুড়িগ্রামে জেলা স্বাস্থ্য বিভাগের দুর্নীতি, স্বেচ্ছাচারিতা ও অনিয়ম নিয়ে প্রেস ব্রিফিং করেছে জেলা জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) কুড়িগ্রাম।

জাতীয় নাগরিক পার্টি এনসিপির কেন্দ্রীয় যুগ্ম আহবায়ক ড. আতিক মুজাহিদ রোববার (৬ এপ্রিল) দুপুরের দিকে কুড়িগ্রাম জেলার আড়ইশ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসা ব্যবস্থার অনিয়ম, পরিস্কার পরিচ্ছন্নতার অভাব ও চিকিৎসক এবং ওষুধ সংকটসহ নানা অনিয়ম, দুর্নীতি এবং সমস্যা হাসপাতালে গিয়ে সরেজমিনে পরিদর্শন করেন।

এরপর তিনি সেখানকার নানা অসঙ্গতি নিয়ে হাসপাতালের তত্বাবধায়কের সাথে কথা বলেন।একই সাথে তিনি এরপর জেলা সিভিল সার্জন কার্যালয়ে গিয়ে সেখানকার স্বাস্থ্যসেবার সার্বিক খোঁজ খবর নেন।

হাসপাতাল ও সিভিল সার্জন অফিস পরিদর্শন শেষে ড. আতিক মুজাহিদ সিভিল সার্জন কার্যালয়ের সামনে সাংবাদিকদের সাথে এক প্রেস ব্রিফিং করেন।
তিনি  বলেন, হাসপাতালে দালালরা যাতে প্রবেশ করতে না পারে সে ব্যাপারে প্রয়োজনে ছাত্রদের সেবক দল গঠন করে দালালমুক্ত করা হবে।চিকিৎসক সংকটসহ ওষুধ ও প্রয়োজনীয় অন্যান্য সমস্যা নিয়ে খুব দ্রুততম সময়ে স্বাস্থ্য উপদেষ্টার সাথে দেখা করে সমাধান করার চেষ্টা করা হবে।নইলে সকলকে নিয়ে আন্দোলনে যাওয়ারও হুঁশিয়ারী দেন তিনি।

এসময় তার সাথে উপস্থিত ছিলেন এনসিপির জেলা সংগঠক মুকুল মিয়া, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জেলা আহবায়ক আব্দুল আজিজ নাহিদসহ ছাত্ররা।

স্বাস্থ্যবিভাগ দুর্নীতি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন জাতীয় নাগরিক পার্টি,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:44

URL: https://www.timestodaybd.com/public/rangpur/775807388